

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

সরকারি কলেজ-৩

www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৪.১৬. ৬৫৬

তারিখ:

২৭ অগ্রহায়ণ ১৪২৪

১১ ডিসেম্বর ২০১৭

দ্বিতীয় কারণ দর্শনো নোটিশ

যেহেতু, আপনি জনাব তাহমিনা সুলতানা (৭৫৪২), সহকারি অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা) সংযুক্ত: মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা গত ০১/০৮/২০১০ তারিখ হতে ৩১/০৭/২০১১ তারিখ
পর্যন্ত ০১ (এক) বছরের ছুটি নিয়ে কানাড়া গমন করেন। উক্ত ছুটি শেষ হওয়া সত্ত্বেও আপনি কর্মস্থলে যোগদান না করে
অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও
৩(সি) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয়।
আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন। কিন্তু ব্যক্তিগত শুনানী চাননি। পরবর্তীতে বিধি অনুযায়ী তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, আপনার বিরুক্তে আনিত অভিযোগটি বিধি অনুযায়ী তদন্ত করা হয়। তদন্তে আপনার বিরুক্তে ০৪ (চার) বছর ১১
মাস ২৩ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত অভিযোগ সন্দেহাত্মিতভাবে প্রমাণ হয়েছে;

সেহেতু, আপনি জনাব তাহমিনা সুলতানা এর বিরুক্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর
৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগ প্রমাণ হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ডি)
অনুসারে আপনাকে “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার
জবাব একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক কারণ দর্শনো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট
কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপি ও
যুক্ত করা হলো।

ত্বরিত

০১/১২/২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিনি) পাতা।

স্থায়ী ঠিকানা:

জনাব তাহমিনা সুলতানা

পিতা: আবদুল হাকিম খান, মাতা: আমেনা খাতুন

১২ জেল রোড, কাটিবুলি, ময়মনসিংহ।

বর্তমান কর্মস্থল:

জনাব তাহমিনা সুলতানা (৭৫৪২)

সহকারি অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সংযুক্ত: মোহাম্মদপুর সরকারি কলেজ, ঢাকা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৪.১৬.

তারিখ:

২৭ অগ্রহায়ণ ১৪২৪

১১ ডিসেম্বর ২০১৭

বিতরণ:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২/১২/২০১৭
(জাকিয়া খানম)

উপসচিব